317

দৈনিক সংবাদ


তারিখ AUG 20 199...
পৃষ্ঠা ৭২ কলাম ৭


# বগুড়ায় বঙ্গবন্ধু কৃষি কলেজ বন্ধ ঘোষণা

বগুড়া, ১৯শে আগস্ট (সংবাদদাতা)।- ছাত্র, শিক্ষক ও কর্মচারীদের মধ্যে অপ্রীতিকর ঘটনায় বৃহস্পতিবার বগুড়া বঙ্গবন্ধু কৃষি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

কৃষি কলেজের বিভিন্ন সমস্যা ও কলেজ পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক খালেকুজ্জামান বকুলের বিরুদ্ধে অনুদানের অর্থ আত্মসাতের অভিযোগে বুধবার ছাত্র-ছাত্রীরা বগুড়া প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন এবং ডিসি অফিসে স্মারকলিপি দেয়। কর্মচারীরাও পাল্টা স্মারকলিপি দিলে পরিস্থিতির অবনতি হয়।